

সিলেটে বন্যার্তদের পাশে দাঁড়িয়েছে ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি (আই-এসইউ)। বুধবার দুপুরে ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটির পক্ষ থেকে বাংলাদেশ সেনাবাহিনীর সিলেটের গোবিন্দগঞ্জ ক্যাম্পে মেজর সাইফুল্লাহর হাতে খাদ্যসামগ্রী তুলে দেওয়া হয়।

আই-এসইউএর উপাচার্য প্রফেসর ড. আব্দুল আউয়াল খানের নির্দেশে ও ভারপ্রাপ্ত ট্রেজারার এইচ. টি. এম. কাদের নেওয়াজের সহযোগিতায় সিলেটের বন্যায় অসহায় ও ক্ষতিগ্রস্তদের পাশে দ্রুততার সঙ্গে দাঁড়ানোর জন্য দুর্গত এলাকার ৬০০ পরিবারের জন্য এই খাদ্যসামগ্রী পৌঁছে দেন ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারি অধ্যাপক মনিরুল হাসান মাসুম, ডেপুটি লাইব্রেরিয়ান আবু জাফর মো. সাইফুল্লাহ, জনসংযোগ বিভাগের সহকারি পরিচালক রাইসুল হক চৌধুরীসহ শিক্ষার্থীরা।

উল্লেখ্য, আই-এসইউ এর শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের দুই দিনের বেতন, আই-এস ইউ বোর্ড অব ট্রাস্টের সদস্য এবং শিক্ষার্থীদের কাছ থেকে সংগৃহীত অর্থ দিয়ে এ খাদ্যসামগ্রী প্রদান করা হয়।

এ সময় ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটির পক্ষ থেকে সার্বিক সহযোগিতার জন্য বাংলাদেশ সেনাবাহিনীকে ধন্যবাদ জানানো হয়।